

কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) পদে সংযুক্তকরণ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
রামগতি, লক্ষ্মীপুর।
<http://dls.ramgati.lakshmipur.gov.bd>

স্মারক নং- ৩৩.০১.৫১৭৩.০০০.১৪.২১১.২০.৪৬৪

তারিখঃ ১৫/১২/২০২১খ্রিঃ

প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতায় “প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নতজাতের ঘাসচাষ সম্প্রসারণ ও লাগসাই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে রামগতি উপজেলা সকল ইউনিয়নে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং খামারীদের ঘাসচাষে উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণ প্রদান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্ববধানে প্রকল্প সংশ্লিষ্ট কাজের নিমিত্ত প্রকল্প চলাকালীন সময়ের জন্য ০১ (এক) জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট সংযুক্ত করা হবে। নিম্নোক্ত শর্তবলি পূরণ করে এমন প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২ কপি ছবি, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, ধর্ম, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) সম্বলিত তথ্যাদিসহ দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ২৭-১২-২০২১খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে চাহিত তথ্য ও সকল কাজগপত্রের সত্যায়িত অনুলিপিসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো। অবৈদনকারীকে অবশ্যই রামগতি উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের আবেদন করার প্রয়োজন নেই।

শর্তবলীঃ

- ০১। ডিপির সংস্থান মোতাবেক ভাতা/পারিশ্রমিকে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্ববধানে প্রকল্পের নিয়মকানুন ও নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তির মাধ্যমে প্রকল্প চলাকালীন সময়ের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসেবে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সাথে সম্পৃক্ত হতে আগ্রহী হতে হবে।
- ০২। সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা, ন্যূনতম এস.এস.সি পাস বা সমমান পাস, কর্মঠ, উদ্যোগী এবং সঠিক নেতৃত্বের গুণাবলী সম্পন্ন এলাকার সু-পরিচিত বেকার যুবক/যুব মহিলা হতে হবে।
- ০৩। নিজে গবাদিপশু পালন ও ঘাসচাষে আগ্রহী এবং উপজেলা খামারী পর্যায়ে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাসচাষ সম্প্রসারণে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে সম্প্রসারণ এজেন্ট হিসেবে সহযোগিতা প্রদানে আগ্রহী হতে হবে।
- ০৪। উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে উপজেলা সদরে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাসের ক্রয় বিক্রয়কেন্দ্র/ বাজার স্থাপনে উদ্যোগ গ্রহণ করতে আগ্রহী হতে হবে।
- ০৫। প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা মোতাবেক সম্পন্ন করতে আগ্রহী হতে হবে।
- ০৬। অফিস সময়ে কর্মস্থলে উপস্থিত থেকে প্রকল্প সংশ্লিষ্ট কাজ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা অনুযায়ী করতে হবে।
- ০৭। বয়স ২০ হতে ৪৫ এর মধ্যে হতে হবে তবে প্রাণিসম্পদ অধিদপ্তরীয় সমাপ্ত উন্নয়ন প্রকল্প সমূহে কর্মরত ছিলেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দিতে হবে। তাদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।
- ০৮। অধিদপ্তরীয় চলমান অন্যকোন উন্নয়ন প্রকল্পের কোন সুবিধাভোগীকে এ প্রকল্পের আওতায় সুফলভোগী হিসেবে নির্বাচন করা যাবে না।
- ০৯। আদালত কর্তৃক দোষী সাব্যস্ত অথবা অপ্রকৃতস্থ ব্যক্তিকে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) পদে অযোগ্য বলে বিবেচিত হবে।
- ১০। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) এর উল্লেখিত দায়িত্ব কর্তব্য যথাযথভাবে পালনের মানসিকতা থাকতে হবে।
- ১১। কম্পিউটার টাইপিং এ দক্ষ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।



(ডাঃ মোঃ নজরুল ইসলাম)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

রামগতি, লক্ষ্মীপুর

Email: uloramgoti@gmail.com

মোবাইলঃ ০১৭২৪-২৫৯৮৩৮

বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো

- ১। উপজেলা নির্বাহী অফিসার, রামগতি, লক্ষ্মীপুর।
- ২। উপজেলা কৃষি অফিসার, রামগতি, লক্ষ্মীপুর।
- ৩। নোটিশ বোর্ড অত্র দপ্তর।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লক্ষ্মীপুর।
- ২। প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নতজাতের ঘাসচাষ সম্প্রসারণ ও লাগসাই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ৩। অফিস নথি।



(ডাঃ মোঃ নজরুল ইসলাম)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

রামগতি, লক্ষ্মীপুর।